



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/13/2021

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

## নিউ ইয়র্ক স্টেট হেলথ কমিশনার ডা. হাওয়ার্ড জুকারের বিবৃতি জনসন অ্যান্ড জনসন অ্যান্ড জনসন টিকা সম্পর্কে

"বর্ধিত সতর্কতার কারণে সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (Centers for Disease Control and Prevention, CDC) এবং ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (Food and Drug Administration, FDA) একটি বিবৃতি জারি করেছে যা জনসন অ্যান্ড জনসন (Johnson & Johnson, J&J) টিকার ব্যবহারে বিরতি আনার সুপারিশ করেছে। নিউ ইয়র্ক স্টেট CDC এবং FDA এর সুপারিশ মেনে চলবে এবং জনসন অ্যান্ড জনসন টিকার ব্যবহার রাজ্য ব্যাপী বিরত করবে অবিলম্বে আজকে যখন এই স্বাস্থ্য এবং নিরাপত্তার এজেন্সিগুলি পরবর্তী পদক্ষেপগুলির মূল্যায়ন করবেন। আজ নিউ ইয়র্ক স্টেটের গণ টিকাকরণ সাইটে জনসন অ্যান্ড জনসন টিকার জন্য সকল অ্যাপয়েন্টমেন্টগুলি পূরণ করা হবে ফাইজার টিকা দিয়ে।

CDC এবং FDA যেমন বলেছে, জনসন অ্যান্ড জনসন টিকার প্রতিকূল প্রভাব 'মনে হয় অত্যন্ত বিরল' এবং 'যারা J&J টিকা পেয়েছেন এবং যাদের গুরুতর মাথার ব্যথা, তলপেটে ব্যথা, পায়ে ব্যথা, বা শ্বাসকষ্ট হয় টিকা নেওয়ার তিন সপ্তাহ পরে, তাদের উচিত তাদের স্বাস্থ্য পরিষেবা প্রদানকারীর সাথে যোগাযোগ করা।'

আমি ফেডারাল সরকারের সাথে সব সময় যোগাযোগ রাখছি এবং নিউ ইয়র্কবাসীদের সাথে যোগাযোগ করবো যখন আরো তথ্য উপলব্ধ হবে।"

###

আরো সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)

নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)